

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিস্টেট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৬২.১৮- ৪৮

তারিখ: ২৮.০১.২০১৯ খ্রি.

বিষয়: দিনাজপুর জেলার সদর উপজেলাধীন দিনাজপুর নূরজাহান কামিল (মাতকোত্তর) মাদ্রাসার আরবি প্রভাষক আবু রাজীন মো: আব্দুল মতিনের বকেয়া বেতনের আবেদন প্রেরণ প্রস্তুতো।

সূত্র: (১) দিনাজপুর নূরজাহান কামিল (মাতকোত্তর) মাদ্রাসার স্বারক নং-১৪৫/২০১৭

তারিখ: ২৬.১১.২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুত্রে বর্ণিত (১) নং পত্রে দিনাজপুর জেলার সদর উপজেলাধীন দিনাজপুর নূরজাহান কামিল (মাতকোত্তর) মাদ্রাসার আরবি প্রভাষক আবু রাজীন মো: আব্দুল মতিনের ১০.০৫.২০০৫ খ্রি. তারিখ থেকে ১৫.০৬.২০১৩ খ্রি. তারিখ পর্যন্ত ৬,৩৫,৭৭২/- (ছয় লক্ষ শৈয়ত্রিশ হাজার সাতশত বাহাতৰ টাকা) মাত্র বকেয়া বেতনের জন্য আবেদন করেছেন।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, আরবি প্রভাষক আবু রাজীন মো: আব্দুল মতিন মামলা জনিত কারণে ২৮.০৮.২০০৫ খ্রি. তারিখে গ্রেফতার হন এবং ৩১.০৭.২০১২ খ্রি. তারিখে মামলা থেকে খালাস পান।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৫) অনুচ্ছেদে উল্লেখ আছে “ব্যক্তিগত মামলায় নির্দোষ প্রমাণিত হলে আদালতের নির্দেশনা সাপেক্ষে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বকেয়া বেতন ভাতার সরকারি অংশ প্রদানের বিষয়ে বিবেচনা করতে পারবে।”

০৪. উল্লেখ্য যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এ ব্যক্তিগত মামলা থেকে অব্যাহতি পেলে বকেয়া বেতন ভাতা প্রদানের বিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশনা ছিল না।

০৫. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৫) অনুচ্ছেদের নির্দেশনার অন্তর্ভুক্ত বিধায় আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৬. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৫) অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী নির্দেশনা প্রদানের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি:

বর্ণনামতে চূল্পি রেখা।

সচিব মহোদয়


কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।

অনুলিপি:

১। অধ্যক্ষ, দিনাজপুর নূরজাহান কামিল (মাতকোত্তর) মাদ্রাসা, সদর, দিনাজপুর।

২। অফিস কপি।


(সফিউল ইসলাম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
ফোন: ৮১০৩০১৫৯